

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২১
খোয়াই, ২৯ মে, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
ভোট গণনা নিয়ে খোয়াই জেলায় সভা

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের খোয়াই জেলায় ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে আজ এক সভা অনুষ্ঠিত হয়। খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা চান্দনী চন্দ্রনা। সভায় তিনি ভোট গণনার বিভিন্ন নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, আগামী ৪ জুন এই সংসদীয় ক্ষেত্রের ভোট গণনা অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত ছিলেন পুলিশ সুপার রমেশ যাদব, অতিরিক্ত জেলাশাসক কেশব কর, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ। উল্লেখ্য, খোয়াই জেলায় ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি (এসটি) এই তিনটি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোট গণনা খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের গণনা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ের গণনা কেন্দ্রে ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া ও ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোট গণনা করা হবে।
